



কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ
কেআইবি কমপ্লেক্স নর্থ ব্লক, লেভেল-৩
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
ফোনঃ ০২ ৯১২৬৮০৯, মোবাইলঃ ০১৭১১৪০২৮৯৫

স্মারক নং- ২৮৪০

তারিখঃ ০১.০১.২০২০

কেআইবি কৃষি পদক ২০২০ প্রদানের জন্য মনোনয়ন আহ্বান

বিজ্ঞপ্তি

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এদেশের একটি গৌরবমণ্ডিত পেশাজীবী প্রতিষ্ঠান। বাংলাদেশের/বিদেশের বিভিন্ন কৃষি/সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান কৃষি বিষয়ে (ফসল উৎপাদন, ভেটেরিনারি সায়েন্স, এনিম্যাল হাজবেড্রী, মৎস্য বিজ্ঞান, কৃষি প্রকৌশল, কৃষি অর্থনীতি ইত্যাদি) স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রায় ত্রিশ (৩০) হাজার সদস্যের সমন্বয়ে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) গঠিত। কৃষি প্রধান বাংলাদেশের সার্বিক উন্নয়ন বিশেষ করে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের ক্ষেত্রে কৃষিবিদ পেশাজীবীগণ উল্লেখযোগ্য এবং দৃষ্টান্তমূলক অবদান রেখে চলেছেন। পাশাপাশি কৃষিবিদগণ কৃষি শিক্ষা, গবেষণা, সম্প্রসারণ, কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ, উপকরণ সেবাসরবরাহ ইত্যাদি ক্ষেত্রে এদেশের কৃষির বৈজ্ঞানিক রূপান্তরে অনন্য অবদান রাখছেন। কৃষিক্ষেত্রে নিরন্তর অবদান রেখে চলা বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের কৃতিত্বপূর্ণ অর্জন ও অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে ২০১৪ সাল থেকে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ কর্তৃক কেআইবি কৃষি পদক প্রদান শুরু করেছে এবং এরই ধারাবাহিকতায় কেআইবি কৃষি পদক ২০২০ প্রদান করা হবে।

যেসব ক্ষেত্রে অবদানের জন্য কেআইবি কৃষি পদক প্রদান করা হবে-

পদকের ধরণ	সম্মাননা	পদক প্রদানের ক্ষেত্রে বিবেচ্য বিষয়
১। সেরা প্রতিষ্ঠানঃ ২০১৯ সাল পর্যন্ত ধারাবাহিক কার্যক্রমের বিবরণ (শিক্ষা, গবেষণা, সম্প্রসারণ, উপকরণ ও সেবাসরবরাহ) ২০১৯ সালে প্রাপ্ত মনোনয়ন ২০২০ সালেও বলবৎ থাকবে। তবে নতুন কোন তথ্য সংযোজন করার প্রয়োজন হলে তা করা যাবে।	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা	ক্ষেত্রভিত্তিক সুনির্দিষ্ট অবদান ও অবদানের বহুমাত্রিক প্রভাব (অর্থনৈতিক, কর্মসংস্থান, পরিবেশ উন্নয়ন, কৃষি ও বাণিজ্যিকীকরণ)।
২। সেরা কৃষি ব্যক্তিত্বঃ কার্যক্রমের বিবরণ (শিক্ষাবিদ/গবেষক/সম্প্রসারণবিদ/সংগঠক হিসাবে জীবনব্যাপী অবদান) ২০১৯ সালে প্রাপ্ত মনোনয়ন ২০২০ সালেও বলবৎ থাকবে। তবে নতুন কোন তথ্য সংযোজন করার প্রয়োজন হলে তা করা যাবে।	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা	কৃষিখাতের উন্নয়ন ও কৃষি পেশার উৎকর্ষ সাধনে অবদান (অর্থনৈতিক, কর্মসংস্থান, কৃষি পেশার মানোন্নয়ন, কৃষি পেশাজীবীদের মর্যাদা বৃদ্ধি ও সুরক্ষা)।
৩। বর্ষসেরা কৃষিবিদ (শিক্ষাবিদ/গবেষক/সম্প্রসারণবিদ/সংগঠক হিসাবে অবদান)	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা	নতুন জ্ঞান/প্রযুক্তি/পরিষেবা সৃষ্টিতে অবদান এবং এর প্রভাব (অর্থনৈতিক, কর্মসংস্থান, পরিবেশ উন্নয়ন ও কৃষির বাণিজ্যিকীকরণ)।
৪। উদ্ভাবক কৃষক/সফল কৃষক	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা	সাফল্যের চালচিত্র ও এর প্রভাব (অর্থনৈতিক, কর্মসংস্থান, পরিবেশ উন্নয়ন, কৃষির বাণিজ্যিকীকরণ ও পরিবারের জীবনযাত্রার মানোন্নয়ন)।
৫। কৃষি উদ্যোক্তা (ব্যক্তি/বাণিজ্যিক প্রতিষ্ঠান)	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা	ব্যবসায়িক কৃষি উদ্যোগ (পণ্য/সেবা/পদ্ধতি উৎপাদনে সাফল্য) এবং এর প্রভাব (অর্থনৈতিক, কর্মসংস্থান, পরিবেশ উন্নয়ন, কৃষির বাণিজ্যিকীকরণ, পণ্য সেবার ভৌগোলিক ব্যাপ্তি)।
৬। কৃষি উন্নয়নে নারী (ব্যক্তি)	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা	কৃষি শিক্ষা, গবেষণা, সম্প্রসারণ, উপকরণ সরবরাহ, কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষির বাণিজ্যিকীকরণে সুনির্দিষ্ট অবদান এবং এর প্রভাব (অর্থনৈতিক, কর্মসংস্থান, পরিবেশ উন্নয়ন, কৃষির বাণিজ্যিকীকরণ ও পরিবারের স্বাবলম্বিতা/স্বচ্ছলতা অর্জন)।
৭। কৃষি প্রকাশনা ও সম্প্রচার (ব্যক্তি)	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা	কৃষি প্রকাশনা ও সম্প্রচারে অবদান এবং এর প্রভাব (সুনির্দিষ্ট জ্ঞান/প্রযুক্তি সম্প্রচার, জনসচেতনতা সৃষ্টি ও সুনির্দিষ্ট সমস্যার সমাধান/প্রতিকার)।
৮। কৃষি প্রকাশনা ও সম্প্রচার (প্রতিষ্ঠান)	সম্মাননা পদক, সম্মাননাপত্র ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা	কৃষি প্রকাশনা ও সম্প্রচারে অবদান এবং এর প্রভাব (সুনির্দিষ্ট জ্ঞান/প্রযুক্তি সম্প্রচার, জনসচেতনতা সৃষ্টি ও সুনির্দিষ্ট সমস্যার সমাধান/প্রতিকার)।

উল্লিখিত ৮ (আট) প্রকার কেআইবি কৃষি পদক ২০২০ প্রদানের জন্য উপযুক্ত প্রতিষ্ঠান ও ব্যক্তিকে মনোনয়ন প্রদানের লক্ষ্যে নির্দিষ্ট মনোনয়ন ফরম পূরণ করে আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২০-এর মধ্যে মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ বরাবর দাখিল করার জন্য কেআইবি'র নিয়মিত ও জীবন সদস্যদেরকে একান্তভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, কেআইবি কৃষি পদক নীতিমালা এবং বিভিন্ন প্রকার পদকের জন্য নির্দিষ্ট মনোনয়ন ফরম কেআইবি সদর দপ্তর, কেআইবি'র জেলা শাখা, কৃষি সম্পর্কিত বিশ্ববিদ্যালয়/সংস্থাসমূহ থেকে কিংবা কেআইবি'র ওয়েবসাইট www.kib.org.bd থেকে সংগ্রহ করা যাবে।

কৃষিবিদ মোঃ খায়রুল আলম (প্রিন্স)
মহাসচিব